# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৩৪৬ তারিখ ২৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬০৯ তম কমিশন সভা অদ্য ১০/০৮/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর ৫০০ কোটি টাকার Non-Convertible Mudaraba Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর । এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Floating Rated, Mudaraba Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে। শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট বডি, ফান্ডস ইত্যাদি প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ Non-Convertible Mudaraba Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Trustee হিসাবে কাজ করছে গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ।

২. লংকা বাংলা ফাইন্যান্স লিঃ এর ৫০০ কোটি টাকার Non-Convertible Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৩ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Floating Rated, Unsecured Subordinated Bond। বন্ডটি ০৩ বছরে Full Redemption হবে। শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট বডি, ফান্ডস ইত্যাদি প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে লংকা বাংলা ফাইন্যান্স লিঃ এর ongoing financing requirements এর শর্ত পূরণ করবে। লংকা বাংলা ফাইন্যান্স লিঃ Non-Convertible Zero Coupon Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা। এই বন্ডের Trustee হিসাবে কাজ করছে গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ।

৩. ন্যাশনাল ব্যাংক লিঃ এর ৪০০ কোটি টাকার Non-Convertible Second Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর । এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Floating Rated, Unsecured Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে। শুধুমাত্র প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী, কর্পোরেট বডি এবং হাই নেট ওর্থ বিনিয়োগকারীরাই (high net worth investors) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ন্যাশনাল ব্যাংক লিঃ Tier-II Regulatory Capital and Capital to Risk-weighted Asset Ratio এর শর্ত পূরণ করবে। ন্যাশনাল ব্যাংক লিঃ Non-convertible Second Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Trustee হিসাবে কাজ করছে গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ।

৪. Delta Life Insurance Company Ltd. (Issuer) কমিশনের Notification No. SEC/CMRRCD/2007-193/49Admin/03-48, dated: July 14, 2010 অনুযায়ী Delta BRAC Housing Limited (DBHL) এর ১০,০০,০০০ শেয়ার ক্রয়ের ঘোষণা দিয়ে মাত্র ৩,৩১,৫০০ শেয়ার ক্রয় করে। দশ শতাংশের অধিক শেয়ারের ধারক DLICL উক্ত ক্রয়ের ক্ষেত্রে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০০২ এর বিধি ৭ পরিপালন করেনি। DLICL শেয়ার ক্রয়ের ঘোষণা দিয়ে ঘোষণা অনুযায়ী সম্পূর্ণ শেয়ার ক্রয় না করে Securities and Exchnage Ordinance 1969, এর ধারা ১৮ ভঙ্গ করেছে, যা মিথ্যা তথ্য প্রদানের সামিল। DBHL এর উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ক্রয়ের ঘোষণা দেওয়ার ফলে উক্ত শেয়ারের বাজার দর ঐ সময়ে ১৫% বৃদ্ধি পায় অর্থাৎ শেয়ার ক্রয়ের ঘোষণা দিয়ে DLICL অন্যদেরকে শেয়ার ক্রয়ে উৎসাহিত করেছে, ফলশ্রুতিতে Securities and Exchnage Ordinance 1969 এর ধারা ১৭ ভঙ্গ হয়েছে। উল্লেখযোগ্য সংখ্যাক শেয়ার ক্রয়ের সিদ্ধান্তটি DLICL এর বোর্ড সভায় গৃহীত হলেও তা মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে প্রকাশ না করে DLICL কমিশনের Order No. SEC/CFD/12:20/99

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।


তারিখঃ ফেব্রুয়ারী ২৩, ২০০০ ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Delta Life Insurance Company Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালক (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) এবং কোম্পানী সচিবকে ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. Raspit Data Management and Telecommunications Limited (Issuer) তাদের ৩০ জুন ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Raspit Data Management and Telecommunications Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. জনাব মোঃ নজরুল ইসলাম Alltex Industries Limited (Issuer) এর ডেপুটি ম্যানেজার (হিসাব) (২০০৪-২০০৫ সাল) ও একই মালিকানাধীন অলটেক্স স্পিনিং লিঃ এর সহকারী ব্যবস্থাপক (২০০৫ থেকে ২০১৬ পর্যন্ত) হিসেবে কর্মরত ছিলেন। তার স্ত্রী মিসেস শামীমা নজরুল এর নামে পরিচালিত BO হিসাবে Alltex Industries Limited এর অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্য এর ভিত্তিতে শেয়ার ক্রয় করে এবং পরবর্তীতে তা বিক্রয় করে ৩১,৯৫,৮৩৫/- টাকা লাভ করেন। যাতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৩ এর উপ-বিধি (১) ভঙ্গ হয়েছে। বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য জনাব মোঃ নজরুল ইসলাম ও মিসেস শামীমা নজরুল প্রত্যেককে ১০ (দশ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

20/08/2017

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।